গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম
www.rajarhat.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৭৭.০০০.১৩.০০৩.২৫-২০

তারিখ : ২১ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারী, ২০২৬ খ্রিষ্টাব্দ

**বাংলা ১৪৩৩-১৪৩৫ সনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন অনুসারে রাজারহাট উপজেলাধীন নিম্নবর্ণিত ২০ (কুড়ি) একর পর্যন্ত (বদ্ধ) জলমহালসমূহ ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ মোতাবেক শুধু সমবায় অধিদপ্তর ও সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি jm.lams.gov.bd ওয়েবসাইটে ১৫ জানুয়ারী হতে ২৯ জানুয়ারী ২০২৬ খ্রি. এর মধ্যে অনলাইনে আবেদনপত্র দাখিল করবেন। অনলাইনে আবেদন দাখিল করার পর আবেদনের হার্ড কপি ও উদ্ধৃত্ত মূল্যের ২০% ভাগ অর্থ জামানতের মূলকপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) সীলগালা মুখবন্ধ খামে পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম অথবা উপজেলা ভূমি অফিস, রাজারহাট, কুড়িগ্রাম অফিসে অফিস চলাকালীন সময় জমা প্রদান করতে হবে। অনলাইনে প্রাপ্ত আবেদন ও দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই করে যোগ্য সমিতিকে চূড়ান্ত করে অবহিত করা হবে।

**ক্যালেন্ডার/সিডিউল :**

| অনলাইনে (online) দরপত্র আবেদন দাখিলের তারিখ ও সময় | অনলাইনে (online) দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে দাখিলের স্থান, তারিখ ও সময় |
|---|---|
| ১৫/০১/২০২৬ খ্রি. (০১ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ) হতে ২৯/০১/২০২৬ খ্রি. (১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ) | স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম<br>তারিখ ও সময় : ০১/০২/২০২৬ খ্রি. (১৮ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস অর্থাৎ ০৩/০২/২০২৬ খ্রি. (২০ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত) |

বি:দ্র: অনলাইনে (online) আবেদন নির্ধারিত সময়ের মধ্যে করতে হবে। পরবর্তীতে আবেদন করার সময় বর্ধিত করা হবে না।

**বাংলা ১৪৩৩-১৪৩৫ সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা :**

| ক্রঃ নং | জলমহালের নাম | তফসিল | সম্ভাব্য ইজারা মূল্য (বাংলা ১৪৩৩) হস্তান্তরের তারিখ হতে ইজারা মূল্য কার্যকর হবে। |
|---|---|---|---|
| ০১ | চতলার কুড়া | মৌজা- খিতাব খাঁ খতিয়ান নং- ১<br>দাগ নং — জমির পরিমাণ<br>৭০০৩ - ৫.৮৬ একর<br>৭০০৩/৮০০৫ - ১.০৭ একর<br>৭০৩৬ - ০.৭৫ একর<br>মোট জমি - ৭.৬৮ একর | ৩,১৪,০৫০/-<br>(প্রতি বৎসর) |
| ০২ | নাখেন্দা বিল | মৌজা- পশ্চিম দেবত্তর<br>আর,এস খতিয়ান নং- ১<br>আর,এস দাগ নং — জমির পরিমাণ<br>৫২১ - ২.৮০ একর | ১,৪৪,৬৫০/-<br>(প্রতি বৎসর) |
| ০৩ | উকিলের ছড়া | মৌজা- শুকদেব<br>খতিয়ান নং- ১<br>দাগ নং<br>৫৭৭<br>৫৭৮<br>৫৭৯<br>৫৮০<br>মোট জমি- ৭.২৩ একর | ২,৪৩,১০০/-<br>(প্রতি বৎসর) |
| ০৪ | কামারের ছড়া | মৌজা- কালুয়া<br>আর,এস খতিয়ান নং- ১<br>আর,এস দাগ নং — জমির পরিমাণ<br>৭৪৪ - ০.১৭ একর | ২৮,০৫০/-<br>(প্রতি বৎসর) |

**বন্দোবস্ত/ ইজারার শর্তাবলী :**

১। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি যা সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সমিতিসমূহ নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। মৎস্যজীবি সমবায় সমিতিতে যদি এমন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। তবে শর্ত থাকে যে, আবেদনকারীর সমবায় সমিতি বর্তমানে কার্যকর তার প্রমানস্বরূপ উপজেলা সমবায় বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি/সম্পাদক পরিচয়পত্রসহ সমিতির অনুকূলে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

২। জলমহালটি ইজারা চুক্তি সম্পাদনের পর চলতি বাংলা ১লা বৈশাখ ১৪৩৩ সন হতে ৩০ শে চৈত্র ১৪৩৫ সন পর্যন্ত ইজারা মেয়াদ থাকবে।

৩। জলমহাল বন্দোবস্ত প্রদানের জন্য আবেদন ফরম (পরিশিষ্ট-ক) যার মূল্য হবে ৫০০/-(পাঁচশত) টাকা যাহা অফেরতযোগ্য হবে এবং এই অর্থ সরকারি নির্দিষ্ট কোডে (জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১) জমা করতে হবে।

৪। টেন্ডার পত্রের সহিত উদ্ধৃত মূল্যের অবশ্যই শতকরা ২০% জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম বরাবরে ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সহিত জমা দিতে হবে। জামানতের টাকা ইজারা মূল্যের সহিত সমন্বয় করা হবে।

৫। জলমহাল যেখানে যে অবস্থায় আছে তদাবস্থায় আবেদন এর মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণ করে কোন অজুহাত, দরখাস্ত বা আপত্তি গ্রহণ করা হবে না। ইতোপূর্বে জলমহাল উপস্বত্ব ভোগদখল করা হয়েছে এই সংক্রান্ত আপত্তি দাখিল করা যাবে না। আবেদন দাখিলের পূর্বেই জলমহাল সম্পর্কে সরেজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিক ভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। জলমহালটি মৎস্য ধরার প্রয়োজনে সঠিকভাবে ইজারা প্রদান করা হবে।

৬। প্রকৃত মৎস্যজীবি সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে। আবেদনপত্রের সহিত সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি গঠনতন্ত্রের কপি, সত্যায়িত ছবি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য, বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়) বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৭। টেন্ডারপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে এবং খামের উপর উপজেলাসহ জলমহালের নাম সুস্পষ্ট ভাবে লিখে দিতে হবে।

৮। সর্বোচ্চ দরদাতা দরপত্র গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের অর্থ সরকারের বরাবর স্বয়ংক্রিয়ভাবে বাতিল/বাজেয়াপ্ত হবে এবং জলমহালটি পুনরায় আবেদনের মাধ্যমে ইজারা প্রদান করা হবে।

৯। জেলা প্রশাসক, কুড়িগ্রাম কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে দরদাতাকে ইজারা প্রপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জলমহাল লীজফরম (অনুচ্ছেদ-২১৭) মোতাবেক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় তাহার অনুকূলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে।

১০। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না। যদি তা করে থাকেন তাহলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজারহাট, কুড়িগ্রাম উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন।

১১। অনুমোদিত দরপত্রের সহিত ইজারা গ্রহীতাকে ১০% আয়কর, ১৫% টার্নওভার ট্যাক্স প্রদান করতে হবে। ইহা ছাড়া সরকারি বিধি বিধানসমূহ অবশ্যই মেনে চলতে হবে। ইজারা প্রাপ্ত সংগঠন/ সমিতিকে সম্পূর্ণ ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজারহাট, কুড়িগ্রাম ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দিবেন। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজারহাট, কুড়িগ্রাম উক্ত ইজারা বাতিল করবেন এবং জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২। টেন্ডার বিজ্ঞপ্তির শর্তাবলী টেন্ডার দাখিলের অংশ। টেন্ডার দাতাকে টেন্ডার দাখিলের পূর্বে নির্ধারিত স্থান ছাড়াও প্রত্যেক পাতায় স্বাক্ষর করতে হবে অন্যথায় উক্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

১৩। কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি ০২ (দুই) টির বেশি জলমহাল বন্দোবস্ত পাবে না। পূর্বের বকেয়া থাকলে আবেদন বিবেচনা যোগ্য হবে না। কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সেক্ষেত্রে কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থা/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে। পূর্বের লীজ গ্রহণ করা থাকলে জরুরী ভিত্তিতে আপত্তি দিতে হবে।

১৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান মেনে চলতে হবে।

১৫। কোন ভূয়া/মিথ্যা তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

১৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৫/০২/২৬

মোঃ আল ইমরান
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
এবং
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

২। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

৪। অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, কুড়িগ্রাম।

৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

৭। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।

৯। চেয়ারম্যান.......................................ইউ,পি, রাজারহাট, কুড়িগ্রাম।

১০। জনাব.................................... রাজারহাট, কুড়িগ্রাম।

১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.......................(সকল) রাজারহাট, কুড়িগ্রামকে (বহুল প্রচারের জন্য বলা হলো)।

১২। সভাপতি/সম্পাদক ................................ মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, রাজারহাট, কুড়িগ্রাম ।

১৩। সম্পাদক ........................................

১৪। নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।

০৫/০২/২৫

মোঃ আল ইমরান
সহকারী কমিশনার (ভূমি)(অ: দা:)
রাজারহাট, কুড়িগ্রাম